

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.১৫-৬৬৯

তারিখ: ১৩.০৭.২০১৭খ্রি:

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সরকার নির্ধারিত সর্বসাকুল্য বেতনে নিম্নলিখিত শূণ্যপদে নিয়োগ এবং পরবর্তীতে পদশূণ্য হলে নিয়োগের জন্য প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পূর্ণ জীবন-বৃত্তান্তসহ জরুরী দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্রঃ নংঃ	পদের নাম	পদ সংখ্যা	বয়স (বছর)	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী পরিচালক (টেকনিক্যাল)	০২ টি	অনূর্ধ্ব ৩০ বছর	গ্রেড ৯ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রী। খ) কম্পিউটার ব্যবহারে প্রার্থীর অবশ্যই পর্যাপ্ত দক্ষতা থাকতে হবে।
০২	হিসাবরক্ষণ কর্মকর্তা	০১ টি	অনূর্ধ্ব ৩০ বছর	গ্রেড ৯ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অনার্স/মাস্টার্স (বানিজ্য)।একাউন্টিং বা সমমান ডিগ্রী খ) কম্পিউটার কাজে দক্ষতা থাকতে হবে।
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিষ্ট	০২ টি	অনূর্ধ্ব ৩০ বছর	৪৭০০- ২৬৫*৭- ৬৫৫৫-ইবি- ২৯০*১১- ৯৭৪৫/- (১৬ নং গ্রেড)	(ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। (খ) প্রার্থীকে কম্পিউটারে ডিপ্লোমা বা কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। (গ) প্রার্থীকে মানসম্পন্ন অ্যাপিটিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে।

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েব সাইট (www.doict.gov.bd) হতে নির্ধারিত ফর্ম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ করে স্মারকসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে এবং আবেদনপত্রের সফটকপি ইউনিকোডে পূরণ করে adg@doict.gov.bd ইমেইলে প্রেরণ করতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.doict.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৬ জুলাই ২০১৭ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নামসহ) সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নম্বর ১-২৮১১-০০০০-২০৩১ এ প্রদান করে ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে।
- প্রবেশ পত্র প্রেরণের জন্য প্রার্থীদের নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ১০/- (দশ) টাকার ডাক টিকেটযুক্ত ৪×৯.৫ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম এবং জেলার নাম উল্লেখ করতে হবে।
- প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ চালানের কপি এবং ফেরত খাম ব্যতীত অন্য কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
- আবেদনপত্র আগামী ২০ আগস্ট ২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, সফটকপি, আবেদনপত্র বিহীন ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
১২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে।
১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ বাতিলসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১৫. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।
১৬. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

(মোঃ সোলায়মান মন্ডল)

প্রকল্প পরিচালক

“প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন”

ও

সদস্য সচিব

নিয়োগ কমিটি